দৈনিক সংবাদ

ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 11 DEC 1988
পৃষ্ঠা 1 কলাম 7

104

হুমায়ুন রশীদ চৌধুরীর পদত্যাগ ॥ ২ জন নয়া প্রতিমন্ত্রী

# মন্ত্রী পরিষদে রদবদল

রাষ্ট্রপতি হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল মন্ত্রী পরিষদে রদবদল করেছেন। এই রদবদলে বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্ব পুনর্বন্টন ছাড়াও ১জন প্রতিমন্ত্রীকে পূর্ণমন্ত্রী করা হয়েছে। মন্ত্রী পরিষদে দু'জন নতুন প্রতিমন্ত্রী অন্তর্ভুক্ত হয়েছেন এবং ২জন প্রতিমন্ত্রী মন্ত্রী পরিষদ থেকে বাদ পড়েছেন। খবর বাসসর।

এর আগে পররাষ্ট্রমন্ত্রী হুমায়ুন রশীদ চৌধুরী মন্ত্রী পরিষদ থেকে পদত্যাগ করেন; রাষ্ট্রপতি বিকেলে তার পদত্যাগপত্র গ্রহণ করেন।

মন্ত্রী পরিষদে গতকালের রদবদলে প্রতিমন্ত্রী মেজর (অব:) ইকবাল হোসেন চৌধুরী পূর্ণমন্ত্রীর মর্যাদা পেয়েছেন, টি, এম, গিয়াসউদ্দিন এবং তাজুল ইসলাম চৌধুরী নতুন প্রতিমন্ত্রী হিসেবে মন্ত্রী পরিষদে অন্তর্ভুক্ত হয়েছেন।

প্রতিমন্ত্রী মুফতী মওলানা মোহাম্মদ ওয়াক্কাস এবং আবুল খায়ের চৌধুরী মন্ত্রী পরিষদ থেকে বাদ পড়েছেন।

রাষ্ট্রপতি বিভিন্ন মন্ত্রণালয়ের দায়িত্বও পুনর্বন্টন করেছেন। এর ফলে প্রধান মন্ত্রী মওদুদ আহমদ শিল্প মন্ত্রণালয়, উপপ্রধানমন্ত্রী অধ্যাপক এম, এ মতিন স্বরাষ্ট্র মন্ত্রণালয়, উপ-প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ তথ্য মন্ত্রণালয় এবং রাষ্ট্রপতির রাজনৈতিক উপদেষ্টা, উপ-প্রধানমন্ত্রী শাহ মোয়াজ্জেম হোসেন শ্রম ও জনশক্তি মন্ত্রণালয়, মেজর জেনারেল (অব:) এম, এ, মুন-এম, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, মেজর জেনারেল (অব:) মাহমুদুল হাসান কৃষি মন্ত্রণালয়, এম কোরবান আলী বন্দর ও জাহাজ চলাচল মন্ত্রণালয়, আনিসুল ইসলাম মাহমুদ পররাষ্ট্র মন্ত্রণালয়, সিরাজুল হোসেন খান ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রণালয়, আনোয়ার হোসেন যোগাযোগ মন্ত্রণালয়, এ, কে, এম মাইদুল ইসলাম পাট মন্ত্রণালয়, এয়ার মার্শাল (অব:) এ, কে খোন্দকার পরিকল্পনা মন্ত্রণালয়, মাহবুবুর রহমান সেচ ও পানি সম্পদ মন্ত্রণালয়, সুনীল গুপ্ত ভূমি মন্ত্রণালয়, জাফর ইমাম বস্ত্র মন্ত্রণালয়, শেখ শহীদুল

(শেষ পৃ: ১-এর ক: র:)

## মন্ত্রী পরিষদে রদবদল

(১ম পাতার পর)

ইসলাম শিক্ষা মন্ত্রণালয়, এ, সাত্তার বাণিজ্য মন্ত্রণালয়, সরদার আমজাদ হোসেন মৎস্য ও পশু সম্পদ মন্ত্রণালয়, এ, বি, এম গোলাম মোস্তফা জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, মোস্তফা জামাল হায়দার পূর্ত মন্ত্রণালয়, রিজওয়ানুল হক চৌধুরী সমাজকল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয়, ড: ওয়াহিদুল হক অর্থ মন্ত্রণালয় এবং মেজর (অব:) ইকবাল হোসেন চৌধুরী খাদ্য মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন।

প্রতিমন্ত্রীদের মধ্যে মন্ত্রণালয়ের দায়িত্ব পুনর্বন্টনের ফলে রুহুল আমিন হাওলাদার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, জিয়া উদ্দিন আহমদ বেসামরিক বিমান চলাচল ও পর্যটন মন্ত্রণালয়, লে: কর্নেল (অব:) এইচ, এম, এ গাফফার যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, মামদুদুর রহমান চৌধুরী কৃষি মন্ত্রণালয়, কাজী ফিরোজ রশীদ ডাক ও তার যোগাযোগ মন্ত্রণালয়, নাজিউর রহমান মিয়া স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, নাজিমউদ্দিন আল আজাদ ধর্মবিষয়ক মন্ত্রণালয়, নুর মোহাম্মদ খান সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, টি, এম গিয়াসউদ্দিন সমাজ কল্যাণ ও মহিলা বিষয়ক মন্ত্রণালয় এবং তাজুল ইসলাম চৌধুরী ভূমি মন্ত্রণালয়ের দায়িত্ব পেয়েছেন।